

বৰ্তমান/ ৩ এপ্ৰিল ২০১৮

অবস্থান ও কৰ্মবিৰতিৰ ডাক জুটা এবং আবুটাৰ

নিজস্ব প্ৰতিনিধি, কলকাতা: বিভিন্ন দাবিদাওয়া নিয়ে আন্দোলনে নামছে যাদবপুৰ বিশ্ববিদ্যালয়ৰ অধ্যাপক সংগঠন জুটা ও আবুটা। আগামী ৬ এপ্ৰিল কৰ্মবিৰতিৰ ডাক দিয়েছে আবুটা। তাদের বক্তব্য, উচ্চ শিক্ষার অবাধ বেসরকারিকরণ ও বাণিজ্যিকীকরণের নয়া নকশা, শিক্ষার স্বাধিকার হরণকারী ইউজিসি'কে গ্রেডেড অটোনমির বিধি প্রত্যাহার করতে হবে, সরকারি অনুদানপ্রাপ্ত এই বিশ্ববিদ্যালয়ের ব্যবস্থা সুরক্ষিত রাখতে হবে। এছাড়াও একাধিক দাবি রয়েছে তাদের। এ নিয়েই কৰ্মবিৰতিৰ ডাক দেওয়া হয়েছে। যদিও এই কৰ্মসূচিতে অংশগ্রহণ কৰছে না জুটা। তাদের বক্তব্য, দাবিগুলি সমর্থনযোগ্য হলেও, এখনই কৰ্মবিৰতিতে যেতে নারাজ আমরা। অন্যদিকে, ১০ এপ্ৰিল জুটা আবার বিশ্ববিদ্যালয়ৰ সল্টলেক ক্যাম্পাসে অবস্থানের ডাক দিয়েছে। এই অধ্যাপক সংগঠনের দাবি, দ্রুত ইউজিসি'র নিয়ম মেনে দেশজুড়ে শিক্ষকদের পে স্কেল কাৰ্যকৰ কৰতে হবে। চৌহান কমিটিৰ সুপাৰিশ অনুযায়ী, আগামী পাঁচ বছৰ ১০০ শতাংশ কেন্দ্ৰীয় সহায়তা কৰতে হবে। দুপুৰ দেড়টা নাগাদ হওয়ার কথা জুটার এই কৰ্মসূচি।